

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ
sonargaon.narayanganj.gov.bd


স্মারক নং- ০৫.৪১.৬৭০৪.০০১. ১২৯৫

তারিখ ০৮ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সোনারগাঁ উপজেলার সনমান্দী ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের স্থান নির্দিষ্ট প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সোনারগাঁ উপজেলার সনমান্দী ইউনিয়ন ডিজিটাল সেন্টারে দুই জন উদ্যোক্তা আছেন। পুরুষ উদ্যোক্তা মো: ইউসুফ আহাম্মেদ সোহেল এবং মহিলা উদ্যোক্তা কাকলী আক্তার। সনমান্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নির্দেশনা মোতাবেক ডিজিটাল সেন্টারটির দুই জন উদ্যোক্তা সপ্তাহে তিনটি স্থানে অবস্থান করে ইউডিসির কার্যক্রম পরিচালনা করেন। স্থান তিনটি বাংলা বাজার, সনমান্দী ইউনিয়ন পরিষদ ও অলিপুরা বাজার। এর ফলশ্রুতিতে জনসাধারণের দুর্ভোগের সম্মুখীন হতে হয়।

সেপ্টেম্বর/১৯ মাসের আইসিটি মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী বাংলা বাজার স্থানে মহিলা উদ্যোক্তা কাকলী আক্তার ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দায়িত্ব পালন করবেন এবং বাকি দুইটি স্থানে পুরুষ উদ্যোক্তা মো: ইউসুফ আহাম্মেদ সোহেল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দায়িত্ব পালন করবেন। সনমান্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সচিব মহোদয়কে দুই জন উদ্যোক্তার বসার ব্যবস্থা ও কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দিয়ে কর্মক্ষেত্রের সুষ্ঠু পরিবেশ তৈরি করে দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(অঞ্জন কুমার সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ
ফোন- ৭৬৫৬২২১

চেয়ারম্যান,
সনমান্দী ইউনিয়ন পরিষদ,
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নারায়ণগঞ্জ।
- ০৩। সচিব, সনমান্দী ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ০৪। উদ্যোক্তা কাকলী আক্তার, সনমান্দী ইউডিসি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ০৫। উদ্যোক্তা মো: ইউসুফ আহাম্মেদ সোহেল, সনমান্দী ইউডিসি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ০৬। অফিস কপি।